

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
বিএসটিআই ও বিএসইসি শাখা  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.moind.gov.bd


নং- ৩৬.০০.০০০০.০৬৭.১৮.০১৮.১৯-৩১৭

তারিখ : ২৭ নভেম্বর, ২০১৯

বিষয় : বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প) ২০২০ নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প)-২০২০ নির্বাচন সম্পর্কিত বিজ্ঞপ্তি দু'টি আপনার চেম্বার/এ্যাসোসিয়েশনের সদস্যগণকে অবহিতকরণসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক - ২ পাতা।

  
মোঃ মাকসুদুর রহমান  
সহকারী সচিব  
ফোন : +৮৮ ০২ ৯৫৫৮৭৪৭

বিতরণ : (কার্যার্থে)

- ১। সভাপতি, এবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[এফবিসিসিআই'র অধিভুক্ত সদস্য সংস্থার প্রধানগণের নিকট বিজ্ঞপ্তিটি পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
- ২। সভাপতি, সকল চেম্বার/এ্যাসোসিয়েশন।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বিএসটিআই ও বিএসইসি শাখা

৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৬৭.১৮.০১৮.১৯-২৬৯

তারিখ : ১৭ অক্টোবর, ২০১৯

## বিজ্ঞপ্তি

### বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প)-২০২০ নির্বাচন

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ অনুযায়ী “সিআইপি (শিল্প)-২০২০” নির্বাচনের লক্ষ্যে জাতীয় শিল্পনীতি-২০১৬ এ প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ শিল্প (উৎপাদন ও সেবা), মাঝারি শিল্প (উৎপাদন ও সেবা), ক্ষুদ্র শিল্প (উৎপাদন ও সেবা), মাইক্রো শিল্প ও কুটির শিল্প-এর আওতাভুক্ত কোন একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানি পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোন উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশিপ ফর্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।

আগ্রহী প্রার্থীগণ শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.moind.gov.bd](http://www.moind.gov.bd) হতে আবেদন ফরম সংগ্রহ করে ফরমে প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রমাণকসমূহ সংযুক্তপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অফিস চলাকালে মন্ত্রণালয়ের বিএসটিআই ও বিএসইসি শাখায় (কক্ষ নং-৫৩২) জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

সিআইপি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ অনুযায়ী শেয়ার কেলেংকারির সাথে জড়িত, ঋণখেলাপি, করখেলাপি, ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত এবং সাজা ভোগের পর পাঁচ বছর অতিবাহিত হয়নি এমন কোন ব্যক্তি; বিগত পাঁচ বছরের মধ্যে কোন শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোন ঘটনায় জরিমানা করা হয়, তাহলে উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, উদ্যোক্তা পরিচালক বা চেয়ারম্যান এবং কোন শিল্প প্রতিষ্ঠানের বেতনভুক্ত কর্মকর্তা সিআইপি (শিল্প) নির্বাচনের লক্ষ্যে আবেদন করতে পারবেন না।

আবেদনপত্রে কোন মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করলে আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বছর সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না।

প্রাপ্ত আবেদনের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিআইপি (শিল্প) নির্বাচন সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ মাকসুদুর রহমান

সহকারী সচিব

ফোন : +৮৮ ০২ ৯৫৫৮৭৪৭

GA-3811/19 (7x3)

বিজ্ঞপ্তিটি নিম্নোক্ত তারিখে পত্রিকায় প্রকাশিত হয়েছে

১।	দৈনিক ভোরের কাগজ	২৩ ও ২৪ অক্টোবর ২০১৯
২।	দৈনিক বাংলাদেশ প্রতিদিন	২৪ ও ২৭ অক্টোবর ২০১৯
৩।	দি ইনডিপেন্ডেন্ট	২৩ ও ২৪ অক্টোবর ২০১৯
৪।	দি ফিন্যান্সিয়াল এক্সপ্রেস	২৩ ও ২৭ অক্টোবর ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বিএসটিআই ও বিএসইসি শাখা

৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৬৭.১৮.০১৮.১৯-৩১৪

তারিখ : ২৭ নভেম্বর, ২০১৯

### বিজ্ঞপ্তি

#### বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি (শিল্প)-২০২০ নির্বাচন

“সিআইপি (শিল্প)-২০২০” নির্বাচনের লক্ষ্যে ইতোপূর্বে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক আবেদন গ্রহণের শেষ তারিখ ২৭ নভেম্বর, ২০১৯ এর স্থলে আগামী ১২ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বর্ধিত করা হলো।

আগ্রহী শিল্পোদ্যোক্তাগণ শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.moind.gov.bd](http://www.moind.gov.bd) হতে আবেদন ফরম সংগ্রহ করে ফরমে প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রমাণকসমূহ সংযুক্তপূর্বক আগামী ১২ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে (অফিস চলাকালে) মন্ত্রণালয়ের বিএসটিআই ও বিএসইসি শাখায় (কক্ষ নং-৫৩২) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

মোঃ মাকসুদুর রহমান

সহকারী সচিব

ফোন : +৮৮ ০২ ৯৫৫৮৭৪৭